

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়,  
মনিরামপুর, যশোর।

স্মারক নং-উস্বাঃকমঃ/মনি/২০২২/৩০৬

তারিখঃ ৭/০৩/২০২২খ্রিঃ।


বিষয়ঃ-উপজেলা পরিষদ মনিরামপুর, যশোরের স্বাস্থ্য বিষয়ক কমিটির মার্চ/২২ মাসের সভার রেজুলেশন।

অদ্য খ্রিঃ০৭/০৩/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিষদের স্বাস্থ্য বিষয়ক কমিটির সদস্য সচিব ডাঃ তন্ময় বিশ্বাস সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সম্মানিত সভাপতি মহোদয় ও উপস্থিত অন্যান্য সকল সদস্যের উপস্থিতিতে নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১। বর্জ্য ব্যবস্থাপনাঃ-হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য উপজেলা পরিষদের স্বাস্থ্য বিষয়ক কমিটির মাধ্যমে তুলে ধরা হয়। এবং সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা করা হয়। সের্বিসে কলার কোড অনুযায়ী আলাদা আলাদা পিট নির্মাণ করা ও হাসপাতালের জানালা দিয়ে যাহাতে রোগীরা বিভিন্ন ধরনের ময়লা বাহিরে না ফেলে সেই বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য গৃহীত হয়।
  - ২। কোভিড ১৯ টিকার বুস্টার ডোজ প্রদানে উপজেলা পরিষদের মাধ্যমে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবহিত করণঃ- সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের মাধ্যমে গনটিকা বিশেষ করে ৩য় ডোজ বাড়ানোর বিষয়ে গুরুত্ব আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
  - ৩। হাসপাতালের বাইরে সৌন্দর্যবর্ধনের কাজঃ-হাসপাতালের নাম ও সৌন্দর্যবর্ধনের কাজ চলমান থাকায় সভাপতি মহোদয় ধন্যবাদ জানান। নতুন ও পুরাতন ভবনের সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।
  - ৪। ফাইজার টিকার জন্য হালফ্রমে এসির ব্যবস্থা করাঃ- ফাইজার টিকা প্রদানের জন্য হালফ্রমে এসির ব্যবস্থা করা হয়।
  - ৫। হাসপাতালে মটর গ্যারেজের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে একজন লোক নিয়োগঃ-উপজেলা পরিষদ মনিরামপুর, যশোরের স্বাস্থ্য বিষয়ক কমিটির মাধ্যমে হাসপাতালে মটর গ্যারেজের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে একজন লোক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত হয়।
  - ৬। উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা উপকরণ বিতরণ এবং কারোনা সংক্রমণ প্রতিরোধে বিস্তারিত আলোচনাঃ- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা উপকরণ বাড়ানোর ব্যবস্থা করণ আলোচনা।
  - ৭। আল্ট্রাসোনোগ্রাফী মেশিন এবং অক্সিজেন সিলিন্ডার (Ultrasonograph Machine And Oxygen Cylinder)ঃ- উক্ত চিকিৎসা উপকরণ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে সরবরাহ করার জন্য সুপারিশ করা হয়।
- সর্বশেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
সদস্য সচিব

স্বাস্থ্য বিষয়ক উপজেলা কমিটি  
মনিরামপুর, যশোর।

  
সভাপতি

স্বাস্থ্য বিষয়ক উপজেলা কমিটি  
মনিরামপুর, যশোর।